# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৪৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, হাদীসটি হয়তো আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু এককভাবে বর্ণনা করেছেন তার কথা অপনোদনকারী হাদীস

ذِكْرُ الْخَبَرِ الْمُدْحِضِ قَوْلَ مَنْ زَعَمَ أن هَذَا الْخَبَرَ تَفَرَّدَ بِهِ أَبُو هُرَيْرَةَ

আরবী

1549 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا سَعْدُ بْنُ يَزِيدَ الْفَرَّاءُ أَبُو الْحَسَنِ قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ عَلِيِّ بْنِ رَبَاحٍ عَنْ أَبِيهِ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ: ثَلَاثُ سَاعَاتٍ كَانَ يَنْهَانَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ نُصَلِّيَ فِيهِنَّ أَوْ نَقْبُرَ فِيهِنَّ مَوْتَانَا: حِينَ تَطْلُعُ الشَّمْسُ بَازِغَةً حَتَّى تَرْتَفِعَ وَحِينَ يَقُومُ قَائِمُ الظَّهِيرَةِ حَتَّى تَمِيلَ الشَّمْسُ وحين تَصَوَّبُ الشمس لغروبها)

الراوي : عُقْبَة بْن عَامِرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1549 | خلاصة حكم المحدث : صحيح ـ ((احكام الجنائز)) (165 و 175)، ((الإرواء)) (2/ 238/480)

বাংলা

১৫৪৯. উকবাহ বিন আমির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে তিন সময়ে সালাত আদায় করতে এবং আমাদের মৃতদেরকে কবরস্থ করতে নিষেধ করেছেন। তা হলো: যখন উজ্জ্বল হয়ে সূর্য উদিত হয়, যতক্ষন না সূর্য উঁচুতে উঠে, দ্বি-প্রহরের সময় যতক্ষন না সূর্য পশ্চিমাকাশে ঢলে যায়, আর যখন সূর্য অস্ত যাওয়ার নিকটবর্তী হয়।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/১৫২; নাসাঈ: ৪/৮২; বাগাবী, শারহুস সুন্নাহ: ৭৭৮; আবূ দাঊদ: ৩১৯২; তিরমিযী: ১০৩০; ইবনু মাজাহ: ১৫১৯; আত তায়ালিসী: ১০০১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৫৩; সহীহ মুসলিম:

৮৩১; দারেমী: ১/৩৩৩; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৫৫; সুনান বাইহাকী: ২/৪৫৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয: ১৬৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90864

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন